# প্রেস  বিজ্ঞপ্তি  - 2022 কাউন্টি নির্বাচন

1 জানুয়ারী 2023 থেকে সমাজ কল্যাণ এবং স্বাস্থ্য পরিচর্যায় সংশোধন (sote-uudistus) কার্যকর হবে। এই  সংশোধনে, সমাজ কল্যাণ এবং স্বাস্থ্য পরিচর্যা পরিষেবা এবং ত্রাণ পরিষেবার আয়োজন করার দায়িত্ব মিউনিসিপ্যালিটি থেকে 21 টা সুস্থতা সেবার কাউন্টিতে স্থানান্তরিত হবে। তবে, সিটি অফ হেলসিঙ্কি সুস্থতা সেবার কাউন্টি না বা কোনও সুস্থতা সেবার কাউন্টির অংশও না, এবং নিজেই নিজের সমাজ কল্যাণ এবং স্বাস্থ্য পরিচর্যা পরিষেবা এবং ত্রাণ পরিষেবার দায়িত্ব নেবে।

সুস্থতা সেবার কাউন্টি সর্বজনীন আইনী সত্তা যা মিউনিসিপ্যালিটি এবং রাজ্য থেকে আলাদা এবং তাদের এলাকার স্বশাসন করে। মূলত বর্তমান অঞ্চলগুলির ভিত্তিতে ফিনল্যান্ড সুস্থতা সেবার কাউন্টিতে বিভক্ত করা হবে। ঊসিমা অঞ্চলে চারটে সুস্থতা সেবার কাউন্টি থাকবে।

কাউন্টি  কাউন্সিল  সর্বোচ্চ  সিদ্ধান্ত-গ্রহণকারী সুস্থতা সেবার কাউন্টি সংঘ, এর বাসিন্দারা এদের নির্বাচন করে। কাউন্টি নির্বাচনে এই কাউন্টি কাউন্সিলের সদস্যদের, যথা কাউন্সিলারদের নির্বাচন করা  হয়।
**রবিবার 23 জানুয়ারী 2022**-এ প্রথম কাউন্টি নির্বাচন হবে। সেখান  থেকে  নির্বাচিত  কাউন্টি কাউন্সিলের  কার্যকালের  মেয়াদ  মার্চ  2022 -এ শুরু হবে এবং মে 2025-এর শেষ পর্যন্ত চলবে। 2025 থেকে, যখন মিউনিসিপ্যাল নির্বাচন হবে ঐ একই সময় কাউন্টি নির্বাচনের আয়োজন করা হবে।

কাউন্টি  নির্বাচনে, ফিনল্যান্ডের নাগরিক এবং বিশেষ পরিস্থিতিতে অন্যান্য দেশের নাগরিক ভোট দিতে এবং ভোটপ্রার্থী হতে পারবেন।

ফিনল্যান্ডে ভোটদান স্বেচ্ছাকৃত কাজ।

সিটি অফ হেলসিঙ্কি এবং রিজন অফ অলেন্ডে কোনও কাউন্টি নির্বাচন হবে না।

# ভোটাধিকার- কে ভোট দিতে  পারবে

আপনি  যদি  ফিনল্যান্ড, ইয়োরোপিয়ান ইউনিয়নের অন্য সদস্য দেশ, আইসল্যান্ড বা নরওয়ের নাগরিক হন এবং নিম্নোক্ত শর্ত পূরণ করেন তাহলে আপনি কাউন্টি নির্বাচনে ভোট দিতে পারবেন:

- ভোটের  দিনে  (23 জানুয়ারী 2022) আপনার বয়স 18 বছর হয়

- ফিনল্যান্ডে আপনার বাসস্থানের মিউনিসিপ্যালিটি এমন একটি মিউনিসিপ্যালিটি হয় যা 3 ডিসেম্বর 2021-এ একটা সুস্থতা সেবার কাউন্টির এক্তিয়ারভুক্ত।

আপনি যদি অন্য কোনও দেশের নাগরিক হন, আপনি কাউন্টি নির্বাচনে ভোট দিতে পারবেন যদি:

- ভোটের দিনে (23 জানুয়ারী 2022) আপনার বয়স 18 বছর হয়
- ফিনল্যান্ডে আপনার বাসস্থানের মিউনিসিপ্যালিটি এমন একটি মিউনিসিপ্যালিটি হয় যা 3 ডিসেম্বর 2021-এ একটা সুস্থতা সেবার কাউন্টির এক্তিয়ারভুক্ত।
- 3 ডিসেম্বর 2021-এর আগে কম পক্ষে দুই বছরের জন্য এক টানা ফিনল্যান্ডের *একটা* অঞ্চলে আপনার বাসস্থানের মিউনিসিপ্যালিটি থাকে।

মিউনিসিপ্যালিটি অফ রেসিডেন্স অ্যাক্ট অনুসারে আপনার বাসস্থানের মিউনিসিপ্যালিটি নির্ণয় করা হয়। মূলত, আপনি যে মিউনিসিপ্যালিটিতে বসবাস করেন সেটাই আপনার বাসস্থানের মিউনিসিপ্যালিটি।
আপনি কোন সুস্থতা সেবার কাউন্টির অন্তর্গত, অর্থাৎ কাউন্টি নির্বাচনে আপনি কোন সুস্থতা সেবার কাউন্টিতে ভোট দিতে পারবেন তাও আপনার বাসস্থানের মিউনিসিপ্যালিটি নির্ণয় করে। কাউন্টি নির্বাচনে, শুধুমাত্র আপনার সুস্থতা সেবার কাউন্টির নির্বাচনে ভোটপ্রার্থীকে আপনি ভোট দিতে পারবেন।

2022-এর কাউন্টি নির্বাচনে, 3 ডিসেম্বর 2021-এ মধ্য রাত্রি 12:00-এ পপুলেশন ইনফর্মেশন সিস্টেমের আপনার যে বাসস্থানের মিউনিসিপ্যালিটি রেকর্ড করা হয়েছে তার ভিত্তিতে আপনার বাসস্থানের মিউনিসিপ্যালিটি নির্ণয় করা হবে।

প্রয়োজন হলে, আপনি ডিজিটাল অ্যান্ড পপুলেশন ডেটা সার্ভিসেস এজেন্সি থেকে আপনার বাসস্থানের মিউনিসিপ্যালিটি যাচাই করে নিতে পারেন।

## যারা ভোট দিতে পারবেন তাদের সবার কাছে ভোটাধিকারের বিজ্ঞপ্তি পাঠানো হয়েছে।

ডিজিটাল অ্যান্ড পপুলিশেন ডেটা সার্ভিসেস এজেন্সির কাছে একটা ভোটদানের রেজিস্টার আছে যাতে, যারা ভোট দিতে পারেন তাদের তথ্য রাখা হয়। আলাদা করে ভোটদানের রেজিস্টারের জন্য রেজিস্টার করার প্রয়োজন নেই।

ডিজিটাল অ্যান্ড পপুলেশন ডেটা সার্ভিসেস এজেন্সি একটা বিজ্ঞপ্তির কার্ড পাঠাবে যাতে আপনাকে সর্বশেষ **30 ডিসেম্বর 2021** -এর মধ্যে আপনার ভোটাধিকারের বিষয়ে জানানো হবে। যারা ভোট দিতে পারেন এবং যাদের ঠিকানা জানা আছে তাদের প্রত্যেকের কাছে এই কার্ড পাঠানো হয়। আপনি যদি Suomi.fi মেসেজ পরিষেবায় সাইন আপ করে থাকেন তাহলে ডিজিটাল ফর্ম্যাটে আপনার কাছে আপনার বিজ্ঞপ্তির কার্ড পাঠানো হবে, ডিজিটাল অ্যান্ড পপুলেশন ডেটা সার্ভিসেস এজেন্সি এর ব্যবস্থা করে (আরও তথ্যের জন্য www.suomi.fi/messages দেখুন)।
ভোটাধিকারের বিজ্ঞপ্তি অর্থাৎ নোটিসে ভোটের বিষয়ে নির্দেশ, নির্বাচনের দিন আপনার ভোট কেন্দ্রের বিষয়ে তথ্য, কাউন্টি কাউন্সিলের কর্তব্যের বিষয়ে তথ্য এবং আপনার বাসস্থানের কাছাকাছি আগাম ভোট কেন্দ্রের তালিকা থাকে। ভোট কেন্দ্রে আপনার সাথে আপনার

ভোটাধিকারের বিজ্ঞপ্তি নিয়ে আসতে হবে না, তবে ভোট দেওয়ার আগে আপনার পরিচয়ের প্রমাণ দেখাতে হবে।

## যোগ্যতা - কে ভোটপ্রার্থী হতে পারে?

আপনি নিম্নোক্ত শর্তগুলি পূরণ করলে আপনি সুস্থতা সেবার কাউন্টিতে ভোটপ্রার্থী হতে পারেন:

- আপনি যে সুস্থতা সেবার কাউন্টির কাউন্সিলে ভোটপ্রার্থী হিসাবে দাঁড়াতে চান আপনার বাসস্থানের মিউনিসিপ্যালিটি সেই কাউন্টিভুক্ত।
- আপনার একটা সুস্থতা সেবার কাউন্টিতে আপনার ভোটাধিকার আছে
- আদালতের নির্ণয়মত আপনাকে আইনত অযোগ্য ঘোষণা করা হয়নি।

অনুগ্রহ করে নোট করবেন দেশের কয়েকজন পদাধিকারী, কাউন্টির প্রধান পদাধিকারী এবং “Laki hyvinvointialueesta”(ইংরেজিতে: ওয়েলবীইং সার্ভিসেস কাউন্টির আইন)-এ তালিকাভুক্ত কর্মচারীরা কাউন্টি নির্বাচনে ভোটপ্রার্থী হতে পারবেন না।

## কাউন্টি নির্বাচনে প্রার্থী মনোনীত করা

কাউন্টি নির্বাচনে, প্রার্থীদের মনোনীত করতে পারে

- রেজিস্টার করা রাজনৈতিক দল
- যোগ্য ভোটদাতা দ্বারা সংগঠিত নির্বাচনী এলাকার সংগঠন

প্রতিটি দল নিজস্ব নিয়ম এবং আইন অনুসারে নিজেদের প্রার্থী নির্ণয় করতে পারে। আপনি যদি কোনও দলের প্রার্থী হয়ে নির্বাচনে দাঁড়াতে চান, আপনার পছন্দের দলের সাথে আলোচনা করে নিতে হবে।

নির্বাচনী এলাকার সংগঠন স্থাপনের জন্য সম্পর্কিত সুস্থতা সেবার কাউন্টিতে বসবাসকারী কম পক্ষে 50 জন যোগ্য ভোটদাতা প্রয়োজন।

দুটি বা তার বেশি দলের নির্বাচনের জন্য জোট বাঁধার অধিকার আছে। দুটি বা তার বেশি নির্বাচনী এলাকার সংগঠনের কাছে যৌথ তালিকা স্থির করার অধিকার আছে।

একটা সুস্থতা সেবার কাউন্টিতে একটা দল, নির্বাচনের জন্য জোট বাঁধা দল বা যৌথ তালিকা দ্বারা মনোনীত প্রার্থী সংখ্যা মোট যত জন কাউন্সিল নির্বাচিত হবেন তাদের চেয়ে সর্বাধিক 1.25 গুণ বেশি হতে পারে। সুস্থতা সেবার কাউন্টির জনসংখ্যা অনুসারে কাউন্সিলে 59 থেকে 79 জন প্রতিনিধি নির্বাচন করা হয়।

প্রতিটি প্রার্থীকে একটা করে নম্বর দেওয়া হয়। প্রার্থীদের একটা প্রধান তালিকা তৈরি করা হবে, তাতে প্রধান তালিকায় নম্বর 2 থেকে শুরু করে, সংখ্যাক্রমে সব প্রার্থীদের দেখানো হবে, দল এবং যৌথ তালিকা অনুযায়ী প্রার্থীদের দলবদ্ধ করা হয়। প্রধান তালিকায় প্রতিটি প্রার্থীর বিষয়ে নিম্নোক্ত তথ্য থাকবে: তার নাম, প্রার্থী নম্বর এবং খেতাব/পেশা/কাজ এবং বাসস্থানের মিউনিসিপ্যালিটি। এছাড়া, প্রধান তালিকায় জানানো হবে

- কোন দলগুলি নির্বাচনের জন্য জোট বেঁধেছে
- কোন নির্বাচনী এলাকার সংগঠন যৌথ তালিকা স্থির করেছে
- কোন দলগুলি নির্বাচনের জন্য কোনও জোট বাঁধেনি
- কোন প্রার্থী যৌথ তালিকা ছাড়া নির্বাচনে দাঁড়িয়েছেন।

23 ডিসেম্বর 2021-এ সব কটি সুস্থতা সেবার কাউন্টিতে প্রার্থীদের প্রধান তালিকা তৈরি করা হবে। আপনার সুস্থতা সেবার কাউন্টির প্রধান তালিকা, উদাহরণস্বরূপ, ভোটের বুথ বা মিনিস্ট্রি অফ জাস্টিসের (www.vaalit.fi) নির্বাচনের পৃষ্ঠায় পাওয়া যাবে। আপনি যদি আপনার নিজের সুস্থতা সেবার কাউন্টির বাইরের এলাকা থেকে আগাম ভোট দেন, আপনি নির্বাচন কর্মকর্তার কাছ থেকে প্রার্থী পুস্তিকা চেয়ে নিতে পারেন যাতে সব কটি সুস্থতা সেবার কাউন্টির প্রার্থীদের বিবরণ তালিকাবদ্ধ করা থাকে।

# ভোট দেওয়ার তারিখ

আপনি হয় নির্বাচনের দিন রবিবার, 23 জানুয়ারী 2022-এ বা নির্বাচনের তারিখের আগে আগাম ভোটদানের সময়কালে ভোট দিতে পারেন। আপনি এক বার মাত্র ভোট দিতে পারবেন। ক্রিমিনাল কোড অর্থাৎ অপরাধ সংক্রান্ত আইন বিধিতে দুইবার ভোট দেওয়া শাস্তিযোগ্য অপরাধ।

**আগাম ভোট দেওয়া:**

**বুধবার, 12 জানুয়ারী 2022-এ আগাম ভোটদান শুরু হবে**।

বিদেশে আগাম ভোটদান **শনিবার, 15 জানুয়ারী 2022** -এ এবং ফিনল্যান্ডে মঙ্গলবার, **18 জানুয়ারী 2022**-এ শেষ হবে। কয়েকটা আগাম ভোট কেন্দ্রে, ভোটদানের সময়কাল কম।

ফিনল্যান্ডে বা বিদেশে যে কোনও ভোট কেন্দ্রে আপনি আগাম ভোট দিতে পারেন। নিম্নোক্তগুলি আগাম ভোট কেন্দ্র হতে পারে:

- ফিনল্যান্ডে মিউনিসিপ্যালিটি দ্বারা নির্ধারিত আগাম ভোট কেন্দ্র, যেমন মিউনিসিপ্যাল অফিস
- বিদেশে ফিনল্যান্ডের বেশ কয়েকটি মিশন
- প্রতিষ্ঠানসমূহ, যেমন হাসপাতাল, সমাজ কল্যাণ কেন্দ্র, এবং কারাগার।
  শুধু রোগী বা এইসব প্রতিষ্ঠানে দন্ডাদেশ পাওয়া লোকেরা সেখানে ভোট দিতে পারেন।
- আগাম ভোটদানের সময়কালে ফিনল্যান্ডের যেসব জাহাজ বিদেশে থাকবে।
  সমুদ্রপথে শুধু জাহাজের কর্মীদল ভোট দিতে পারবেন, যাত্রীরা জাহাজে থাকাকালীন ভোট দিতে পারবেন না।

**নির্বাচনের দিন ভোট দেওয়া:**

নির্বাচনের দিন, **রবিবার, 23 জানুয়ারী 2022, সকাল 9 টা থেকে রাত 8 টা পর্যন্ত**.ভোট দেওয়া যাবে।

নির্বাচনের দিন, আপনার কাছে যে ভোটাধিকারের বিজ্ঞপ্তি পাঠানো হয়েছে শুধুমাত্র তাতে চিহ্নিত ভোট কেন্দ্রে আপনি ভোট দিতে পারবেন।

**বাড়ি থেকে ভোট দেওয়া:**

আপনার চলাফেরা বা কাজ করার ক্ষমতা যদি এতটা সীমিত হয় যে আপনার পক্ষে যুক্তিসঙ্গত অসুবিধা ছাড়া ভোটকেন্দ্রে যাওয়া মুস্কিল, সেক্ষেত্রে আপনি আগাম ভোটদানের সময়কালে বাড়ি থেকে ভোট দিতে পারেন।

আপনার অবশ্যই **মঙ্গলবার, 11 জানুয়ারী 2022** বিকাল 4 টার আগে বাড়ি থেকে ভোট দেওয়ার জন্য রেজিস্টার করতে হবে। রেজিস্টার করতে, আপনার বাসস্থানের মিউনিসিপ্যালিটির কেন্দ্রীয় মিউনিসিপ্যাল নির্বাচন বোর্ডে যোগাযোগ করুন। বোর্ডে যোগাযোগের বিবরণ আপনার ভোটাধিকারের বিজ্ঞপ্তিতে পাওয়া যাবে। কয়েকটা পরিস্থিতিতে, পরিবারের শুশ্রূষাকারী যদি ঐ সংসারে বসবাস করেন তিনিও ঐ সময় ভোট দিতে পারবেন।

**ডাকযোগে ভোট দেওয়া:**

যদি আগাম ভোট দেওয়ার সমস্ত সময়কাল এবং নির্বাচনের দিনটিতে আপনি বিদেশে থাকেন, সেক্ষেত্রে আপনি ডাক যোগেও ভোট দিতে পারেন।

ডাক যোগে ভোট দিতে, মিনিস্ট্রি অফ জাস্টিসের অনলাইন পরিষেবা থেকে আপনার বিদেশের ঠিকানায় ভোট দেওয়ার প্রয়োজনীয় উপকরণ অর্ডার করে দিন। নির্বাচনের দিনের তিন মাস আগে অর্ডার করা যায়, তার আগে না। ভোটাধিকার পাওয়া ব্যক্তি হিসাবে, যথা সময়ে ভোট দেওয়ার প্রয়োজনীয় দলিল পত্র অর্ডার করার দায়িত্ব আপনার, যাতে ইলেক্সন অ্যাক্টে বর্ণিত সময়সীমার মধ্যে আপনি আপনার মিউনিসিপ্যালিটির কেন্দ্রীয় মিউনিসিপ্যাল নির্বাচন বোর্ডের কাছে খামসমেত আপনার ভোটপত্র ফেরত পাঠাতে পারেন।

# কিভাবে ভোট দেবেন

আগাম ভোট দেওয়ার সময়কালে বা নির্বাচনের দিন, আপনার স্থানীয় ভোট কেন্দ্রে চলে যাবেন। আপনি শুধু আপনার সুস্থতা সেবার কাউন্টির প্রার্থীদের প্রধান তালিকায় তালিকাবদ্ধ প্রার্থীদের মধ্যে একজনকে ভোট দিতে পারবেন।

**1) নির্বাচন কর্মকর্তাকে আপনার পরিচয়ের প্রমাণ** দিতে আপনার পাসপোর্ট, পরিচয়সূচক কার্ড, ড্রাইভিং লাইসেন্স বা অনুরূপ দলিল দেখাবেন। নির্বাচন কর্মকর্তা আপনাকে একটা ভোটপত্র দেবেন।

**2) ভোটের বুথে যাবেন।** এক বারে একজন মাত্র ব্যক্তি ভোটের বুথে প্রবেশ করতে পারেন।

**3) আপনি যে প্রার্থীর পক্ষে ভোট দেবেন তার নম্বর আপনার ভোটপত্রে জানাবেন।** আপনি এক জন মাত্র প্রার্থীর পক্ষে ভোট দিতে পারেন। আপনি যে প্রার্থীর পক্ষে ভোট দেবেন তার নম্বর ভোটপত্রের বৃত্তে লিখে দেবেন। আপনার ভোট পত্রে অন্য কিছু লিখবেন না বা আঁকবেন না। ভোট পত্র ভাঁজ করে নেবেন যাতে আপনার লেখা নম্বর ভিতরদিকে থাকে এবং কেউ দেখতে না পায়।

**4) আপনার ভাঁজ করা ভোট পত্র নির্বাচন কর্মকর্তার কাছে নিয়ে যাবেন।** তিনি ভোট পত্রে স্ট্যাম্প করে দেবেন।

**5a)** আপনি যদি নির্বাচনের দিন ভোট দেন, আপনার স্ট্যাম্প সমেত ভোট পত্র ভোট বাক্সে ঢুকিয়ে দেবেন।

**5b)** আপনি যদি আগাম ভোট দেন, নির্বাচন কর্মকর্তা আপনাকে একটা নির্বাচনের খাম দেবেন, তাতে আপনার স্ট্যাম্পসহ ভোটপত্র সীলবন্ধ করে দেবেন।

যদি ভোট পত্রে প্রার্থীর নম্বর লেখায় আপনার গুরুতর প্রতিবন্ধকতা থাকে, আপনার ভোট দিতে সাহায্যের জন্য আপনি আপনার পছন্দমত ভোটগ্রহণ সহকারী বা নির্বাচন কর্মকর্তাকে অনুরোধ করতে পারেন। আপনার সহকারী নিজে ভোট প্রার্থী বা প্রার্থীর ঘনিষ্ঠ আত্মীয় হতে পারবেন না। আপনার সহকারী আপনার ভোট পত্রের গোপনীয়তা রক্ষা করতে বাধ্য অর্থাৎ আপনার ভোট সম্পর্কিত সব তথ্য একান্তই গোপন।

## আরও তথ্য

- নির্বাচনের বিষয়ে আরও তথ্যের জন্য,আপনার মিউনিসিপ্যালিটির কেন্দ্রীয় মিউনিসিপ্যাল নির্বাচন বোর্ডে যোগাযোগ করুন।
  ব্যক্তিগত ভোটাধিকার সম্পর্কিত যে কোনও প্রশ্ন ডিজিটাল অ্যান্ড পপুলেশন ডেটা সার্ভিসেস এজেন্সির কাছে জমা করা যায়।
  আপনার ভোটাধিকারের বিজ্ঞপ্তিতে উভয়ের যোগাযোগের বিবরণ আছে।
- আগাম নির্বাচন কেন্দ্রের ঠিকানা এবং খোলা থাকার সময়, ডাকযোগে ভোটের অর্ডারের নির্দেশ, প্রার্থীর বিষয়ে তথ্য এবং নির্বাচন সম্পর্কিত অন্যান্য তথ্য মিনিস্ট্রি অফ জাস্টিসের নির্বাচনের ওয়েবসাইট**www.vaalit.fi**এ পাওয়া যাবে।
- 23 ডিসেম্বর 2021-এর পর কাউন্টি নির্বাচনে ভোটপ্রার্থীদের তথ্য মিনিস্ট্রি অফ জাস্টিসের নির্বাচনের পৃষ্ঠায় পাওয়া যাবে। 5 নভেম্বর 2021-এর পর থেকে আগাম নির্বাচন কেন্দ্রের বিষয়ে তথ্য জানানো হবে।

ডিজিটাল অ্যান্ড পপুলেশন ডেটা সার্ভিসেস এজেন্সি, 12.10.2021